

Mahmud
10.06.16

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি
কাকরাইল, ঢাকা-১০০০।

স্মারক নং-৪৬.২০৩.০০০০.০০১.৩৫.০০১.১৫- ৫০৪৫

তারিখঃ- ১০/৫/২০১৬ খ্রিঃ

অফিস আদেশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঠিকাদারের সাথে সম্পাদিত চুক্তিপত্রে বর্ণিত কার্যসম্পাদন সময়কালের মধ্যে ঠিকাদার কাজ সম্পাদন করতে না পারলে চুক্তির মেয়াদ ও কার্যসম্পাদন জামানতের মেয়াদ বৃদ্ধি করতে হয়। চুক্তির মেয়াদ ও কার্যসম্পাদন জামানতের মেয়াদ বৃদ্ধি ব্যতিরেকে ঠিকাদারকে বিল প্রদান বিধি সম্মত নয়। তাই চুক্তির মেয়াদ শেষ হয়ে গেলে গণখাতে ক্রয় বিধিমালা ২০০৮ এর সংশ্লিষ্ট বিধি বিধান অনুসরণপূর্বক প্রয়োজ্য/যৌক্তিক মনে হলে চুক্তির মেয়াদ ও সেই সাথে কার্যসম্পাদন জামানতের মেয়াদ নিম্নোক্তভাবে বৃদ্ধি করতে হবে।

- নির্বাহী প্রকৌশলী ক্রয়কারী হলে মূল চুক্তির ৫০% পর্যন্ত মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ৭৫% পর্যন্ত প্রকল্প পরিচালক, ১০০% পর্যন্ত অতিরিক্ত প্রধান প্রকৌশলী(পূর্ত) এবং ১০০% এর উর্ধ্বের ক্ষেত্রে HOPE এর নিকট থেকে অনুমোদন নিতে হবে।
- মেয়াদ বৃদ্ধির অনুমোদন প্রাপ্তির সাথে সাথে ঠিকাদার কর্তৃক কার্যসম্পাদন জামানতের মেয়াদ বৃদ্ধি করতে হবে।
- চুক্তির মেয়াদ বৃদ্ধি অনুমোদনের ক্ষেত্রে Liquidity damage সহ গণখাতে ক্রয় বিধিমালা ২০০৮ ও GFR এর নির্দেশনা অনুসরণ করতে হবে।

(মোঃ ওয়ালী উল্লাহ)
প্রধান প্রকৌশলী

স্মারক নং-৪৬.২০৩.০০০০.০০১.৩৫.৩৪৫.১৬- ৫০৪৫ (১১৩)

তারিখঃ- ১০/৫/২০১৬ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পূর্ত), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বাংলাদেশ সরকার, ঢাকা।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,সার্কেল,
- ৩। প্রকল্প পরিচালক,প্রকল্প, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,
- ৪। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,বিভাগ/জেলা

(মোঃ ওয়ালী উল্লাহ)
প্রধান প্রকৌশলী